

আবহাওয়া অফিস গণহত্যা দিবস

আজ ৫ই এপ্রিল; আবহাওয়া অফিস গণহত্যা দিবস। ১৯৭১ সালের আজকের এই দিনে পাকিস্তানী দখলদার বাহিনীর নির্মমতার স্বীকার হয়েছিল অত্র আবহাওয়া অফিসের ৯জন দক্ষ ও দেশ-প্রেমিক কর্মচারী। আজকের এই দিনে প্রথমে আমি শ্রদ্ধাভরে স্মরণ করছি; মহান মুক্তিযুদ্ধে শাহাদাৎ বরণকারী সকল মুক্তিযোদ্ধাদেরকে। যাদের মহান আত্মত্যাগে আমরা পেয়েছি একটি স্বাধীন সার্বভৌম বাংলাদেশ। শ্রদ্ধার সাথে স্মরণ করছি বীরত্বপূর্ণ সংগ্রামে অংশ গ্রহণকারী আহত ও অন্যান্য বীরমুক্তি যোদ্ধাদের। যাদের বীরত্ব, সাহসীকতা ও সংগ্রাম আমাদের মুক্তিযুদ্ধকে করেছে গতিময় এবং স্বাধীনতা অর্জনের পথকে করেছে সুগম। বিশেষ ভাবে শ্রদ্ধা জানাচ্ছি অত্র অফিসে কর্মরত অবস্থায় শাহাদাত বরণকারী নয় সংগ্রামীকে; যাদের স্মরণে আজকের এই আয়োজন।

মহান মুক্তিযুদ্ধের বিভিন্ন ঘটনা প্রবাহের মধ্যে আবহাওয়া অফিসের এই গণহত্যা একটি উল্লেখযোগ্য বিশেষ ঘটনা। ইতহাস ও প্রত্যক্ষদর্মীদের কাছ থেকে জানা যায়, মুক্তিযুদ্ধের প্রথম দিকে হানাদার বাহিনীর বিরুদ্ধে যেসব শক্ত প্রতিরোধ সিলেট অঞ্চলে হয়েছিল তার মধ্যে সর্বপ্রথম হয়েছিল; অত্র আবহাওয়া অফিসের টিলাকে কেন্দ্র করে। পাকিস্তানী বাহিনী মুক্তিযোদ্ধা ও সাধারণ মানুষদের হত্যার নেশায় মেতে উঠলে অত্র এলাকার মুক্তিযোদ্ধারা সংগঠিত হয়ে আবহাওয়া অফিসের এই টিলায় অবস্থান নিয়ে শত্রু মোকাবেলার প্রস্তুতি নিতে থাকে। খরব পেয়ে হানাদার বাহিনী টিলার চারপাশে ভারী অস্ত্র সরঞ্জাম নিয়ে ঘিরে ফেলে। অবস্থা বুঝে মুক্তিযোদ্ধারা কৌশল পাল্টে অবস্থান পরিবর্তনের সিদ্ধান্ত নেয়। এমন অবস্থায় পাক-হানাদার বাহিনী অতর্কিত হামলা চালিয়ে কর্তব্যরত অবস্থায় ঘাতকের বুটেলে একেএকে শহীদ হলেন আবহাওয়া অফিসের কর্মচারীরা। যা ইতিহাসে আবহাওয়া গণহত্যা দিবস নামে পরিচিত। আজকের এই দিনে আমি সে সকল শহীদদের বিদেহী আত্মার মাগফেরাত ও শান্তি কামনা করছি।

প্রতি বছরের ন্যায় এ বছর আবহাওয়া অফিসের পক্ষ থেকে শহীদদের প্রতি পূর্ণ শ্রদ্ধা জ্ঞাপন করা হয়েছে এবং শহীদদের আত্মার মাগফেরাত ও শান্তি কামনায় অত্র অফিসের সকল কর্মকর্তা ও কর্মচারী সহ দোয়া মাহফিল সম্পন্ন হয়েছে।

এছাড়া বিভিন্ন সংগঠনের পক্ষ থেকে শহীদদের প্রতি শ্রদ্ধা নিবেদন, আত্মার মাগফেরাত ও শান্তি কামনায় বিশেষ আয়োজন করা হয়েছে। আমি বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তরের পক্ষ থেকে সে সকল ব্যক্তি, প্রতিষ্ঠান ও সংগঠনকে আন্তরিক ধন্যবাদ জানাই।

পরিশেষে আমি আবারও আবহাওয়া অফিসে গণহত্যার স্বীকার শহীদদের আত্মার মাগফেরাত ও শান্তি কামনা কনে এবং উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে শেষ করছি ----- আল্লাহ হাফেজ।

